

## 11427 - মুশরিকদের উৎসবগুলোতে উপস্থিত হওয়া ও তাদেরকে শুভেচ্ছা জানানো

প্রশ্ন

খ্রিস্টানদের উৎসব-অনুষ্ঠানে উপস্থিত হওয়া ও তাদেরকে সে সব উৎসবের শুভেচ্ছা জানানো কি জায়েয?

প্রিয় উত্তর

খ্রিস্টান বা অন্যান্য মুশরিকদের উৎসবগুলোতে উপস্থিত হওয়া নাজায়েয। ইবনুল কাইয়েম (রহঃ) বলেন: আলেমদের সর্বসম্মতিক্রমে (যারা আলেম অভিধার উপযুক্ত) মুসলমানদের জন্য মুশরিকদের উৎসবগুলোতে উপস্থিত হওয়া নাজায়েয। চার মাযহাবের ফিকাহবিদগণ তাঁদের গ্রন্থসমূহে এ বিষয়ে স্পষ্ট বক্তব্য দিয়েছেন...। ইমাম বাইহাকী উমর বিন খাত্তাব (রাঃ) থেকে ‘সহিহ-সনদ’ এ বর্ণনা করেছেন যে, তিনি বলেন: “মুশরিকদের উৎসবের দিনে তোমরা তাদের উপাসনালয়ে প্রবেশ করো না। কেননা তাদের উপর আল্লাহর অসন্তুষ্টি নাযিল হতে থাকে”। তিনি আরও বলেন: “তোমরা আল্লাহর শত্রুদেরকে তাদের উৎসবের দিনগুলোতে এড়িয়ে চলবে”। ইমাম বাইহাকী আব্দুল্লাহ বিন আমর (রাঃ) থেকে ‘জায়িদ-সনদ’ এ বর্ণনা করেন যে, তিনি বলেন: “যে ব্যক্তি বিধর্মীদের দেশে গিয়ে তাদের নওরোজ ও মেলা পালন করেছে, তাদের সাথে সাদৃশ্য গ্রহণ করেছে এবং মৃত্যু পর্যন্ত এভাবে কাটিয়েছে কিয়ামতের দিন তাদের সাথে তার হাশর হবে।”[আহকামু আহলিয় যিম্মাহ্ (১/৭২৩-৭২৪) সমাপ্ত]

আর বিধর্মীদের উৎসব উপলক্ষে তাদেরকে শুভেচ্ছা জানানোর বিষয়টি ইতিপূর্বে 947 নং প্রশ্নোত্তরে আলোচিত হয়েছে। আমরা প্রশ্নকারী ভাইকে সে উত্তরটি পড়ে নেয়ার পরামর্শ দিচ্ছি।